# স্বাস্থ্য ঃ

স্বাস্থ্য মানুষের মৌলিক অধিকার বেচে থাকার জন্য মানুষের স্বাস্থ্য সুরুক্ষা জরুলি ।বাংলাদেশে সংবিধান, স্বাস্থ্যসেবা পাওয়া রাষ্ট্রের সকল নাগরিকের মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দিয়েছে। স্বাস্থ্য সেবা উন্নয়ন লক্ষমাত্রা অর্জনে বাংলাদেশ সরকার সর্বদা চেষ্টা চালিয়ে যাচ্ছে। ০৬ নং কাফ্রিখাল ইউনিয়নের জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য কর্মিরা নিস্থার্থ ভাবে কাজ করে যাচ্ছে। এখানে ----------

০১. ইউনিয়ন উপ স্বাস্থ্য কেন্দ্র-০১টি।
০২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-০১টি।
০৪. কমিউনিটি ক্লিনিক-০৫টি

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতাধীন ইউনিয়নের এসব স্বাস্থ্যকেন্দ্রে প্রাতিষ্ঠানিক ও মাঠ পর্যায়ে যেসব কার্যক্রম পরিচালিত হয় তাহলো-

# রোগ নিরামায়।
# রোগ নিয়ন্ত্রণ বা রোগ প্রতিরোধ।
# নিরাপদ গর্ভাবস্থা এবং নিরাপদ প্রসব নিশ্চিত করে মাতৃস্বাস্থ্য রক্ষা করা।
# শিশু ও মহিলাদের ইপিআই কার্যক্রমের আওতায় প্রতিষেধক টিকা দেওয়া।
# স্বাস্থ্য বিভাগ কর্তৃক সররবাহ সাপেক্ষে, প্রয়োজনীয় ঔষধ সেবাকেন্দ্র গুলো হতে বিনামূল্যে প্রদান করা।

কাফ্রিখাল ইউনিয়নের মানুষ সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পেয়ে কৃতজ্ঞ।

# উপ স্বাস্থ্য কেন্দ্র

কাফ্রিখাল ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্র। এখানে সর্বসাধারণ মানুষের চিকিৎসা দেওয়া হয়। জ্বর, সর্দি, কাশি, হাঁপানি, নিউমোনিয়া, ডায়রিয়া, কলেরা, আমাষয়, এলার্জি সহ বিনামূল্যে বিভিন্ন রোগের চিকিৎসা দেওয়া হয়। ৩০ প্রকার ঔষুধ বিনামূল্যে সরবরাহ করা হয়। এখানে কর্মরত সাব-এসিস্যান্ট কমিউনিটি মেডিকেল অফিসার ০১ জন। ফার্মাসিষ্ট ০১ জন কর্মরত আছেন।

# KwgDwbwU wKwbK t

কমিউনিটি ক্লিনিক বাংলাদেশ সরকারের একটি সফল প্রতিষ্ঠান। প্রান্তিক জনগোষ্ঠীর বা গ্রামের সর্বসাধারন মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবার প্রাণ কেন্দ্র কমিউনিটি ক্লিনিক। স্বাস্থ্য সেবা মানুষের দোর গোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষে মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা '১৯৯৬' ইং সালে রাষ্টীয় ক্ষমতায় আসার পর ১৯৯৮ ইং সালে স্থাপিত করেন। স্টাফ বা কর্মচারী-০৩ জন। ভলেন্টিয়ার (MHV)-০৭ জন। স্বাস্থ্য সহকারী-০১ জন, সপ্তাহে ০২ দিন। পরিবার কল্যাণ সহকারী-০১ জন, সপ্তাহে ০২ দিন। ঔষুধ সরবরাহ ৩০ (ত্রিশ) প্রকার। মা ও শিশুদের জন্য।
ধারাবাহিকতায় রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার ০৬ নং কাফ্রিখাল ইউনিয়নের ০৯ ওয়ার্ড মিলে পাঁচটি কমিউনিটি ক্লিনিক স্থাপিত হয়। যথা-

* ইকবালপুর কমিউনিটি ক্লিনিক ।
* বুজরুক তাজপুর কমিউনিটি ক্লিনিক ।
* বুজরুক মহদীপুর কমিউনিটি ক্লিনিক ।
মুরারীপুর কমিউনিটি ক্লিনিক।
খোর্দ্দ কাশিনাথপুর কমিউনিটি ক্লিনিক

প্রাথমিক স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনায় পল্লি গ্রামীণ পর্যায়ের সাধারণ মানুষের অংশ গ্রহণে এই ব্যবস্থা নিঃসন্দেহে একটি যুগান্তকারী পদক্ষেপ। বিশ্বের দরবারে এই পদক্ষেপ একটি মডেল ও সাফল্যের দৃষ্টান্ত স্থাপন করেছে।
সেবা সমূহ ঃ

* গর্ভবতী মায়েদের প্রসব পূর্ব ও পরবর্তী সেবা দেওয়া হয়।
* শিশুর সার্বিক ব্যবস্থাপনা।
* নিউট্রিশনাল এডুকেশন ও মাইক্রোনিউট্রিয়েন্ট পরিকল্পনা শিক্ষা ও পরামর্শ।

মুরারীপুর কমিউনিটি ক্লিনিকটি কাফ্রিখাল ইউনয়নের ০৮ নং ওয়ার্ডের মুরারীপুর গ্রামে অবস্থিত। এই কমিউনিটি ক্লিনিকের জমি দাতা মুরারীনপুর গ্রামের মৃত চাঁন মিয়া। বর্তমানে এই ক্লিনিকের সভাপতি জনাব,মোঃ ফখরুল ইসলাম,০৯ নং ওয়ার্ডের সদস্য। এখানে দুস্থ মহিলাদের শারীরিক পরিক্ষা,বিনামূল্যে ঔষধ সরবরাহ,ও গর্ভকালীন সেবা প্রদান করা হয়।



মুরারীপুর কমিউনিটি ক্লিনিক




## *স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপ কেন্দ্র* t

স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগ নিয়ে গঠিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপ কেন্দ্র প্রায়। কাফ্রিখাল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার ও কন্যা কেন্দ্র টি ১ একর জমির উপর ১৯৮০ সালে নির্মাণ। এখানে কর্মরত আছেন ০১ জন মেডিকেল অফিসার, ০১ জন সাব-এসিস্টেন্ড কমিউনিটি অফিসার, ০১ জন ভিজিটর, ০১ জন পরিদর্শক, ০১ জন ফার্মসিষ্ট, ০১ জন এম এল এস, ০৪ জন পরিবার কল্যাণ সহকারী। ০১ জন ঝাড়ুদার। পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী ও ফার্মাসিস্ট ছাড়া বাকি পদ গুলি সব সময় ফাঁকা থাকে। এ কারণে চিকিৎসা সেবা ইউনিয়ন পর্যায়ে ব্যহত হয়। এখানে গর্ভবতী মায়েদের স্বাস্থ্য পরীক্ষা ও নরমাল ডেলিভারী ইউনিটে ডেলিভারী সেবা প্রদান করা হয়।

***সেবাসমূহ ঃ*** সকল সাধারন রোগের পরামর্শ, পরিবার পরিকল্পনার সকল পদ্ধতি, প্রসব পূর্ববর্তী সেবা, প্রসব পরবর্তী সেবা মা ও শিশু স্বাস্থ্য সাধারণ রোগীদের সেবা দেওয়া হয়, কিশোর কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা শারীরিক মানসিক বৃদ্ধি সচেতন ও ৩০ প্রকার ঔষুধ বিনামূল্যে সরবরাহ করা হয় ।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস

